

সব ইংলিশ মিডিয়াম স্কুলকে এক নীতিমালার আওতায় আনা হচ্ছে : ববি হাজ্জাজ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ০৩ জুন, ২০২৬ ১৫:২৩



ছবি: কালের কণ্ঠ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেছেন, দেশের সব শিক্ষার্থীর জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সরকার একটি সমন্বিত ও জবাবদিহিমূলক কাঠামো গড়ে তুলতে কাজ করছে। সেই

লক্ষ্য দেশের সব ইংলিশ মিডিয়াম স্কুলকে একটি অভিন্ন
নীতিমালার আওতায় আনা হচ্ছে।

শিক্ষার মান, পাঠদানের গুণগত উৎকর্ষ, শিক্ষার্থীদের
নিরাপত্তা, জবাবদিহিতা এবং জাতীয় স্বার্থের বিষয়গুলো
নিশ্চিত করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বুধবার (৩ জুন) দ্যা আগা খান একাডেমি ঢাকা (The Aga
Khan Academy Dhaka) পরিদর্শনকালে তিনি এসব কথা
বলেন। এসময় তিনি শিক্ষার্থীদের আয়োজিত শিক্ষার্থী
এক্সিবিউশন ঘুরে দেখেন এবং তাদের বিভিন্ন গবেষণা,
উদ্ভাবনী প্রকল্প ও সৃজনশীল উপস্থাপনা পর্যবেক্ষণ
করেন।

আরো পড়ুন



পে স্কেল বাস্তবায়ন নিয়ে নতুন
শঙ্কা!

প্রতিমন্ত্রী বলেন, ‘আমরা এমন একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে চাই, যেখানে শিক্ষার্থীরা শুধু পরীক্ষায় ভালো ফল করবে না, বরং চিন্তা করতে শিখবে, উদ্ভাবন করতে শিখবে এবং নেতৃত্ব দিতে শিখবে।

আগামী দিনের বাংলাদেশকে নেতৃত্ব দেবে আজকের শিক্ষার্থীরা। তাই তাদেরকে বিশ্বমানের দক্ষতা, মূল্যবোধ এবং সৃজনশীলতা দিয়ে গড়ে তোলা আমাদের অন্যতম প্রধান লক্ষ্য।’

তিনি আরো বলেন, ‘আমরা এমন একটি শিক্ষা ব্যবস্থা চাই যেখানে বাংলা মাধ্যম, ইংলিশ ভার্সন কিংবা ইংলিশ মিডিয়াম যে ধারাতেই শিক্ষার্থী পড়ুক না কেন, সবাই সমানভাবে জাতীয় মূল্যবোধ, নাগরিক দায়িত্ববোধ এবং আন্তর্জাতিক মানের দক্ষতা অর্জনের সুযোগ পাবে।’

ববি হাজ্জাজ শিক্ষাপ্রতিষ্ঠানটির আধুনিক শিক্ষা পদ্ধতি, শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষাদান এবং নেতৃত্ব বিকাশমূলক

কার্যক্রমের প্রশংসা করেন।

তিনি দেশের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানেও গবেষণা, উদ্ভাবন
এবং সৃজনশীল শিক্ষা কার্যক্রম আরও সম্প্রসারণের
আহ্বান জানান।

পরিদর্শনকালে দ্যা আগা খান একাডেমি ঢাকা-এর
শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।